

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭৬৭

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৮. দ্বিতীয় অনুচ্ছেদ - সাত্র (সতর)

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِذَا صَلَّى أَحَدُكُمْ فَلَا يَضَعْ نَعْلَيْهِ عَنْ يَمِينِهِ وَلَا عَنْ يَسَارِهِ فَتَكُونَ عَنْ يَمِينِ غَيْرِهِ إِلَّا أَنْ لَا يَكُونَ عَنْ يَسَارِه أَحَدُكُمْ فَلَا يَضَعُ نَعْلَيْهِ عَنْ يَمِينِهِ وَلَا عَنْ يَسَارِهِ فَتَكُونَ عَنْ يَمِينِ غَيْرِهِ إِلَّا أَنْ لَا يَكُونَ عَنْ يَسَارِه أَحد وليضعهما بَيْنَ رِجْلَيْهِ» . وَفَّى رِوَايَةٍ: «أَوْ لِيُصَلِّ فِيهِمَا» . رَوَاهُ أَبُو دَاوُدَ وَرَوَى ابْنُ مَاجَهُ مَعْنَاهُ

বাংলা

৭৬৭-[১৪] আবৃ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের কেউ সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতে দাঁড়ালে সে যেন তার জুতা তার ডান পাশেও না রাখে, বাম পাশেও না রাখে। কারণ এদিক অন্য কারও ডান দিক হবে। তবে যদি বাম দিকে কেউ না থাকে (তাহলে বামদিকে রেখে দিবে)। অন্যথায় সে যেন জুতা দু' পায়ের মধ্যে (সামান্য সামনে) রেখে নেয়।

আর এক বর্ণনায় এ শব্দগুলো এসেছেঃ (যদি জুতা পাক-পবিত্র হয় তা না খুলে) পায়ে রেখেই সালাত আদায় করবে। (আবু দাউদ)[1] ইবনু মাজাহও অনুরূপ বর্ণনা করেছেন।

ফুটনোট

[1] সহীহ : আবূ দাউদ ৬৫৪, ৬৫৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ডান কিংবা বাম দু'দিকেই যেহেতু অন্য মুসল্লী থাকেন, তাই কোনদিকেই না রেখে পায়ের মাঝখানে রাখতে বলা হয়েছে। আর একজন মু'মিন ব্যক্তির উচিত সে তার নিজের জন্য যা পছন্দ করবে তা তার সাথীর জন্যও পছন্দ করবে।



আর সে নিজের জন্য যা অপছন্দ করবে তা অপর সাথীর জন্যও অপছন্দ করবে। তবে বাম পাশে কোন মুসল্লী না থাকে তাহলে বাম পাশে জুতাজোড়া রাখা বৈধ। অপর এক বর্ণনায় রয়েছে যে, "তোমাদের কেউ যখন সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতে ইচ্ছা করে সে যেন তার জুতাজোড়া তার সাথীর ডানে বা সামনে রাখার মাধ্যমে কাউকে কন্ট না দেয়। আর জুতাজোড়া যেন সে তার দুই পায়ের মাঝের ফাঁকা স্থানে রাখে অথবা তা যদি পবিত্র থাকে তাহলে সে যেন তা পরেই সালাত আদায় করে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন